# ২০২৩

## বাংলা — সাম্মানিক

### পত্র : DSCC-1

### [বাংলা সাহিত্যের ইতিহাস (১৮০০ খ্রি. পর্যন্ত)]

### পূর্ণমান - ৭৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) বাংলার সমাজ ও সাহিত্যের ইতিহাসে তুর্কি আক্রমণের প্রভাব সম্পর্কে আলোচনা করো। ১৫

*অথবা,*

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের রচনাকাল ও বিষয়বস্তুর সংক্ষিপ্ত পরিচয় দিয়ে বাংলা সাহিত্যের ইতিহাসে কাব্যটির অভিনবত্ব আলোচনা করো। ১৫

২। (ক) বৈষ্ণব পদাবলি সাহিত্যে বিদ্যাপতির কবিপ্রতিভার পরিচয় দাও। ১৫

*অথবা,*

(খ) 'শ্রীচৈতন্যচরিতামৃত' শুধু চৈতন্যদেবের জীবনকথা নয়, তা গৌড়ীয় বৈষ্ণব দর্শনের এক অসাধারণ নিদর্শন।— আলোচনা করো। ১৫

৩। (ক) মঙ্গলকাব্যের উদ্ভবের পটভূমি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করে, মনসামঙ্গল কাব্যের শ্রেষ্ঠ কবির কবিকৃতিত্বের পরিচয় দাও। ৫+১০

*অথবা,*

(খ) মধ্যযুগের বাংলা সাহিত্যের ইতিহাসে কবি দৌলত কাজীর অবদানের মূল্যায়ন করো। ১৫

৪। (ক) বাংলা সাহিত্যের ইতিহাসের আদিপর্বের গতিপ্রকৃতি সম্পর্কে সংক্ষেপে লেখো। ৫

*অথবা,*

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের নামকরণ বিষয়ক বিতর্ক সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫

৫। (ক) টীকা লেখো : কবীন্দ্র পরমেশ্বর। ৫

*অথবা,*

(খ) টীকা লেখো : বৃন্দাবনদাস। ৫

৬। (ক) চণ্ডীমঙ্গল কাব্যধারার শ্রেষ্ঠ কবির কবিপ্রতিভার একটি সংক্ষিপ্ত মূল্যায়ন করো। ৫

*অথবা,*

(খ) শাক্ত কবি হিসাবে কবি রামপ্রসাদ সেনের কবিকৃতিত্বের সংক্ষিপ্ত মূল্যায়ন করো। ৫

৭। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের পুথির আবিষ্কর্তা কে?

(খ) চর্যাপদের পুথি কে, কবে আবিষ্কার করেছিলেন?

(গ) কবি কৃত্তিবাস ওঝা কোন শতকের কবি?

(ঘ) চর্যাপদের সংস্কৃত টীকাকারের নাম লেখো।

(ঙ) কবি মালাধর বসুর উপাধি কী ছিল?

(চ) শ্রীকৃষ্ণবিজয় কাব্যের রচনাকাল এই কাব্যের কবি সুনির্দিষ্টভাবে উল্লেখ করেছিলেন, সেই রচনাকালটি কী?

(ছ) বিদ্যাপতির ভাবশিষ্যরূপে কোন কবিকে নির্দেশ করা হয়?

(জ) 'রাঢ়ের জাতীয় কাব্য' বলে কোন কাব্যকে অভিহিত করা হয়?

(ঝ) ভারতচন্দ্র রচিত কাব্যটির নাম লেখো।

(ঞ) শাহ মহম্মদ সগীর প্রণীত একটি কাব্যের নামোল্লেখ করো।

(ট) 'হপ্ত পয়কর' কাব্যটি কার লেখা?

(ঠ) মনসামঙ্গল কাব্যধারার আদি কবি কে ছিলেন?

(ড) চৈতন্যভাগবত-এর পূর্বনাম কী ছিল?

(ঢ) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের মোট কয়টি খণ্ড?

(ণ) কার লেখা মূল কাব্যগ্রন্থের অনুবাদ ছিল 'পদ্মাবতী'?

---